দৈনিক ইত্তেফাক

তারিখ 08 DEC 1989
পৃষ্ঠা ২ কলাম ৭

14

## প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগ

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের এক বিজ্ঞপ্তি মারফতে জানিতে পারিলাম যে, বাংলাদেশে ত্রিশ হাজার প্রাথমিক শিক্ষক নিয়োগ করা হইবে। তন্মধ্যে ছয় হাজার পদের জন্য দরখাস্ত আহ্বান করা হইয়াছে। ইহাতে মুক্তিযোদ্ধা, উপজাতীয়, এতিম এবং প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের পোষ্যদের জন্য কোটা নির্ধারিত করা হইয়াছে। বাদ-বাকী পদগুলির মধ্যে শতকরা ৪০ ভাগ পুরুষ ও শতকরা ৬০ ভাগ মহিলাদের জন্য কোটা নির্দিষ্ট করা হইয়াছে। পুরুষদের শিক্ষাগত যোগ্যতা বি, এ/কামেল এবং এইচ, এস, সিসহ সি, ইন, এড নির্ধারণ করিলেও মহিলাদের বেলায় মাত্র এস, এস, সি পাস নির্ধারণ করা হইয়াছে। কাহাদের স্বার্থে এই বৈষম্য তাহা আমাদের বোধগম্য নয়! কর্তৃপক্ষ বিষয়টি বিবেচনা করিবেন বলিয়া আশা রাখি।

—মোস্তফা কামাল জীবন, মোহাম্মদ আলী ও জীবন কান্তি দাস, হাটহাজারী, চট্টগ্রাম।

1